# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মনসুর সাহেব ও ইকবাল সাহেব একই অফিসে চাকরি করেন। ইকবাল সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। অফিসের সবার সাথেই তিনি ভদ্রভাবে কথা বলেন। একদিন মনসুর সাহেব তার অধীনস্থ কর্মচারী রাশেদকে এক গ্লাস পানি ও ফাইল আনতে বলেন। রাশেদ আসতে দেরি করায় মনসুর সাহেব তার সাথে অশ্লীল ভাষা ব্যবহার করেন। বিষয়টি অফিসের উর্ধ্বতন কর্মকর্তা জানতে পেরে বলেন, 'মুমিন ব্যক্তির আচরণ এরূপ হতে পারে না।'

ক. জান্নাতের স্তর কয়টি? ১

খ. জাহান্নামের শাস্তির ধরন কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. মনসুর সাহেবের আচরণটি কিসের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩

ঘ. অফিসের উর্ধ্বতন কর্মকর্তার উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। আতিক ও আসিফ ঘনিষ্ঠ বন্ধু। কয়েকদিন আগে আতিক তার একটি বই আসিফকে ধার দেয়। আতিক আসিফের কাছে বইটি ফেরত চাইলে আসিফ তা অস্বীকার করে। অর্থাৎ বইটি সে নেয় নি বলে জানায়। এ নিয়ে উভয়ের মধ্যে বাকবিতণ্ডা হয়। আতিক আসিফকে অশ্লীল ভাষায় গালিগালাজ করে। বিষয়টি মীমাংসার জন্য তারা শিক্ষক মহোদয়ের শরণাপন্ন হয়। তিনি তাদেরকে বলেন, "তোমরা নিফাক করেছ। তোমরা সংশোধিত না হলে মুনাফিক হয়ে যাবে। নিফাক সমাজ, পরিবার ও জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়।"

ক. নিফাক শব্দের অর্থ কী? ১

খ. মুনাফিক বলতে কী বোঝায়? ২

গ. আতিক ও আসিফকে নিফাক থেকে বিরত থাকার জন্য শিক্ষক কী কী উপদেশ দিতে পারতেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নিফাক সমাজ, পরিবার ও জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়।"– শিক্ষকের এ উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

৩। ফারাবি সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। এলাকায় একটি মসজিদ নির্মাণের জন্য জায়গার প্রয়োজন হলো। সবাই মিলে একটি চমৎকার জায়গা নির্বাচন করল। জায়গাটি ফারাবি সাহেবের ফসল উৎপাদনের একমাত্র অবলম্বন। কিন্তু সবাই মিলে অনুরোধ করায় তিনি তা মসজিদের জন্য নিঃস্বার্থভাবে দিতে সম্মত হন। তার এ কাজে তার বড় ভাই ফাহাদ সাহেব অসন্তুষ্ট হন এবং উক্ত জায়গা দিতে প্রচণ্ডভাবে বাধা প্রদান করেন।

ক. যিলহজ মাসের কোন তারিখে আরাফায় অবস্থান করতে হয়? ১

খ. 'তাওয়াফে কুদুম' বলতে কী বোঝায় ? ২

গ. ফারাবি সাহেবের কাজের মাধ্যমে ইবাদতের কোন শিক্ষাটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. ফাহাদ সাহেবের কার্যক্রম হযরত ইবরাহিম ও ইসমাঈল (আ)-এর ঘটনার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ দুই বন্ধু আবু তালেব ও আবু সালেহ। উভয়ে ছোটবেলা থেকে একসাথেই বেড়ে ওঠে। আবু সালেহ হজ করার প্রস্তুতি নিচ্ছে। আবু তালেব তা শুনে হজের পটভূমি জানতে চায়। আবু সালেহ তাকে হজের পটভূমি সম্পর্কে অবগত করে। যা শুনে আবু তালেব খুবই মুগ্ধ হয়।

ক. হজ অর্থ কী? ১
খ. হজের তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. আবু সালেহ হজের মাধ্যমে কীরূপ ফজিলত পাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবু তালেব হজের পটভূমি সম্পর্কে কী জানতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ আলম ও সালাম দুই ভাই আলম সাহেব নিয়মিত নামায আদায় করেন না। তবে তিনি আগামী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার মানসে বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে নির্বাচনি প্রচারণা শুরু করেন অপরপক্ষে সালাম সাহেব নিয়মিত নামায আদায়ের পাশাপাশি ছোট ছোট পাপ থেকেও বিরত থাকার আপ্রাণ চেষ্টা করেন।

ক. ইসলামি শরিয়তের প্রধান উৎস কয়টি? ১
খ. 'গাফুরুন রাহিমুন' বাক্যটি ইদগামের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর। ২
গ. আলম সাহেবের বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সালাম সাহেবের প্রচেষ্টাটি সূরা আল-যিলযালের আলোকে বিশ্লেষণ কর ৪

৬ ▸ ক্বারী জাকির হোসেন একটি নূরানি মাদরাসার শিক্ষক। তিনি প্রত্যহ ছাত্রছাত্রীদের কুরআন তিলাওয়াত শিক্ষা দেন। বিশেষ করে তাজবিদের নিয়মকানুনের ওপর ভালোভাবে গুরুত্ব দেয়। সর্বপ্রথম তিনি শিক্ষার্থীদের ইদগাম সম্পর্কে ধারণা দেন। এর কিছুদিন পর ইখফা ও ইকলাবের নিয়মগুলো শিক্ষা দেয়।

ক. তানবিন কাকে বলে? ১
খ. ইযহার বলতে কী বোঝায়? ২
গ. জাকির হোসেনের নিকট থেকে শিক্ষার্থীরা ইখফা ও ইকলাবের কোন নিয়মগুলো শিক্ষালাভ করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষার্থীরা গুন্নাহসহ ও গুন্নাহ ছাড়া যেভাবে ইদগাম করবে, তা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ রিফাত তার বন্ধু রফিককে বলল যে, বর্তমানে নারীরা পুরুষদের মতো চাকরি করে, ব্যবসায় করে। সামাজিক বিভিন্ন কাজে অংশগ্রহণ করে আমি এটি পছন্দ করি না। তার বন্ধু রফিক বলল, ইসলাম নারীদেরকে পর্দা রক্ষা করে এসব সামাজিক কাজ করার অনুমতি দিয়েছে। ইসলামই নারীদেরকে ন্যায্য অধিকার ও পূর্ণ মর্যাদা দিয়েছে। নারীর মর্যাদা সম্পর্কে মহানবি (স) বলেন, "মাতার পদতলে সন্তানের জান্নাত।"

ক. আল্লাহ তাআলা নারীদের অধিকার সম্পর্কে পবিত্র কুরআনের কোন সুরাটি অবতীর্ণ করেন? ১
খ. "মাতার পদতলে সন্তানের জান্নাত" বলতে কী বোঝ? ২

http://teachingbd.com

গ. অনুচ্ছেদে বর্ণিত রিফাতের মনোভাবটি কীরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. "ইসলাম নারীকে ন্যায্য অধিকার দিয়েছে"—তুমি কি উক্ত মতামত সমর্থন কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ জনাব আফাজ একজন বিত্তবান লোক। কিন্তু তাঁর আচরণে সর্বদা অহমিকা ও দম্ভ প্রকাশ পায়। কথায় কথায় মানুষকে তুচ্ছ-তাচ্ছিল্য করেন। তাঁর বন্ধু জনাব ইমদাদ বলেন, মানুষের ভালোবাসা পেতে হলে তাদের সহিত সুন্দর ব্যবহার করতে হবে।

ক. 'ঘৃণা' শব্দের অর্থ কী? ১

খ. 'আখলাকে যামিমা' থেকে দূরে থাকতে হবে কেন? ২

গ. জনাব আফাজের কাজটি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আফাজের এরূপ কাজের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মামুন ছয় মাস আগে দক্ষিণ আফ্রিকা থেকে এসেছে। বাড়িতে আসার পর বিভিন্ন রোগব্যাধি দেখা দেয়। চিকিৎসা করতে গিয়ে ধরা পড়ে মামুনের শরীরে এইচআইভি ভাইরাস রয়েছে। তার ইচ্ছা ছিল আবার বিদেশ যাবে। কিন্তু আর যাওয়া হলো না।

ক. এইচআইভি ভাইরাস সর্বপ্রথম কোথায় ধরা পড়ে? ১

খ. এইডস বলতে কী বোঝায়? ২

গ. মামুনের শরীরে এইচআইভি ভাইরাস ছড়ানোর মাধ্যমগুলো কী হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মামুনের ন্যায় ব্যক্তি তথা সমাজ থেকে এইডস প্রতিরোধের জন্য কী ধরনের পদক্ষেপ নেওয়া উচিত বলে মনে কর? মতামত দাও। ৪

১০ ▸ রহমতপুর গ্রামে সকল ধর্মের লোকের বাস। তাদের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বিরাজমান। এর পরেও মাঝে মধ্যে কিছু বিষয়ে দ্বিমত সৃষ্টি হয়। এমতাবস্থায় জনাব আজমল এলাকার লোকদের নিয়ে একটি লিখিত চুক্তি করেন।

ক. মহানবি (স.) কখন ইন্তিকাল করেন? ১

খ. হুদাইবিয়ার সন্ধিকে প্রকাশ্য বিজয় বলা হয় কেন? ২

গ. জনাব আজমলের কাজটি মহানবি (স.)-এর কোন লিখিত চুক্তির সহিত সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আজমলের এরূপ কাজের ফলাফল বিশ্লেষণ কর। ৪

১১ ▸ সুমাইয়া ও রাবেয়ার মধ্যে শালীনতা ও চারিত্রিক পবিত্রতা নিয়ে কথা হচ্ছিল। সুমাইয়া বলল, হযরত আয়িশা (রা.) ছিলেন পবিত্র চরিত্রের অধিকারিণী। মানবীয় গুণাবলির প্রতিটি ক্ষেত্রে তিনি ছিলেন বিশ্বনারী জাতির আদর্শস্বরূপ। রাবেয়া বলল, আমাদের উচিত হযরত আয়িশা (রা.)-এর জ্ঞানবত্তা, প্রজ্ঞা ও পাণ্ডিত্য দ্বারা অনুপ্রাণিত হওয়া এবং তাঁর আদর্শ অনুসরণ করা।

ক. হযরত আয়িশা (রা.) কে? ১

খ. মুনাফিকরা আয়িশা (রা.)-এর নামে মিথ্যা অপবাদ দিয়েছিলেন কেন? ২

গ. সুমাইয়া ও রাবেয়া হযরত আয়িশা (রা.)-এর জীবন থেকে কোন দিকগুলো আদর্শ হিসেবে গ্রহণ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আয়িশা (রা.)-এর জীবনের গুরুত্বপূর্ণ দিকগুলো মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

**বিষয় কোড : 1 1 1**

**সময়—৩০ মিনিট** **বহুনির্বাচনি অভীক্ষা** মান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও।** প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **যাকাত ব্যয়ের খাত সম্পর্কে কোন সূরার কত নং আয়াতে বলা হয়েছে?**
(ক) আল ইমরান-১১০ (খ) আল বাকারা-১১০
(গ) আর রহমান-৬০ (ঘ) আত তাওবা-৬০

২. **কোন শব্দটি নিফাকের অন্তর্ভুক্ত?**
(ক) সততা (খ) পরমতসহিষ্ণুতা
(গ) দ্বিমুখী নীতি (ঘ) কৃপণতা

৩. **যে ব্যক্তি প্রতারণা, ধোঁকাবাজি, ভণ্ডামি দ্বিমুখী নীতি পোষণ করে তাকে কী বলে?**
(ক) মুসলমান (খ) মুনাফিক (গ) মুশরিক (ঘ) ফাসিক

৪. **'মুহাইমিন' শব্দের অর্থ কী?**
(ক) অতিশয় দয়াবান (খ) রক্ষণাবেক্ষণকারী
(গ) অমুখাপেক্ষী (ঘ) হিসাব গ্রহণকারী

৫. **ইচ্ছাকৃত ত্রুটিবিচ্যুতির হিসাব নেবেন কে?**
(ক) ফেরেশতা (খ) মহানবি (স.)
(গ) আল্লাহতায়ালা (ঘ) মালিক

৬. **আল্লাহর গুণবাচক নামসমূহ দ্বারা—**
i. নৈতিক ও মানবিক মূল্যবোধ সৃষ্টি হয়
ii. মানুষ চরিত্রবান হয়
iii. তার পরিচয় জানা যায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. **যাকাত আদায় করা কী?**
(ক) সুন্নাত (খ) মুস্তাহাব (গ) ফরজ (ঘ) ওয়াজিব

৮. **যাকাত অস্বীকারকারীর শাস্তির বিধান উল্লেখ রয়েছে কোন সূরায়?**
(ক) সূরা যিলযাল-এ (খ) সূরা আল মুযযাম্মিল-এ
(গ) সূরা আত তাওবায় (ঘ) সূরা আল ফালাক-এ

৯. **আল-আমিন সাহেবের নিকট বছর শেষে যাবতীয় খরচ বাদে এক লক্ষ টাকা উদ্বৃত্ত থাকল। তিনি উদ্বৃত্ত টাকার কত টাকা যাকাত হিসেবে প্রদান করবেন?**
(ক) ২০০০ টাকা (খ) ২৫০০ টাকা (গ) ৩০০০ টাকা (ঘ) ৩৫০০ টাকা

১০. **যাকাত কয় শ্রেণির লোককে দেওয়া যায়?**
(ক) পাঁচ শ্রেণি (খ) আট শ্রেণি (গ) সাত শ্রেণি (ঘ) দশ শ্রেণি

১১. **হযরত আইয়ুব (আ.) কঠিন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়েছিলেন তার—**
i. দেহে পচন ধরেছেল
ii. শরীর থেকে গোশত খসে পড়েছিল
iii. শরীর থেকে আগুনের লেলিহান শিখা বের হতো
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২. **পবিত্র কুরআন মজিদে সিজদার আয়াত রয়েছে—**
(ক) ১৩টি (খ) ১৪টি (গ) ১৫টি (ঘ) ১৬টি

১৩. **কুরআন মাজিদে সূরা কয়টি?**
(ক) ১১৩টি (খ) ১১৪টি (গ) ১১৫টি (ঘ) ১১৬টি

১৪. **আল-ফুরকান শব্দের অর্থ কী?**
(ক) হালাল ও হারামের পার্থক্যকারী (খ) রহমত ও করুণা প্রদর্শনকারী
(গ) ন্যায় ও সত্যের পথ প্রদর্শনকারী (ঘ) ন্যায়-অন্যায়ের পার্থক্যকারী

১৫. **কুরআন মাজিদের বিধিবিধান সমগ্র বিশ্বের সবার জন্য—**
i. গ্রহণযোগ্য
ii. যুগোপযোগী
iii. যুক্তিসংগত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. **বিশুদ্ধভাবে থেমে থেমে কুরআন পড়াকে কী বলে?**
(ক) তাজবিদ (খ) তামজিদ (গ) তারতিল (ঘ) তাসহিদ

১৭. **'ইখফা' শব্দের অর্থ কী?**
(ক) গোপন করা (খ) প্রকাশ করা
(গ) স্পষ্ট করা (ঘ) ধীরে ধীরে পড়া

১৮. **রাশেদ কুরআন পড়তে গিয়ে মিম সাকিনের পর ইখফা করে পড়ে। রাশেদের এরূপ পড়ার কারণ—**
i. মিম সাকিনের পর বা আসে
ii. মিম সাকিনের পর ছা আসে
iii. মিম সাকিনের পর নুন আসে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) iii (ঘ) i, ii ও iii

১৯. **আখলাখে হামিদাহ মানে হলো—**
(ক) প্রশংসনীয় চরিত্র (খ) নিন্দনীয় চরিত্র
(গ) অসৎ চরিত্র (ঘ) নিকৃষ্ট চরিত্র

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আকমল সাহেব প্রচুর টাকা-পয়সার মালিক। কিন্তু তিনি গরিব-দুঃখীদের নির্দিষ্ট হক পূরণ করেন না।

২০. **জনাব আকমল সাহেব শরিয়তের কোন বিধান আদায় করেন না?**
(ক) ফরজ (খ) সুন্নত (গ) মুস্তাহাব (ঘ) ওয়াজিব

২১. **জনাব আকমল সাহেবের কর্মকাণ্ডের কারণে পরকালে কী ফল পাবেন?**
(ক) শাস্তি (খ) দুর্ভোগ (গ) কঠোর শাস্তি (ঘ) তিরস্কার

২২. **কে চির ধৈর্যের মূর্ত প্রতীক?**
(ক) হযরত ওমর (রা.) (খ) হযরত আদম (আ.)
(গ) হযরত ইবরাহিম (আ.) (ঘ) হযরত মুসা (আ.)

২৩. **সমাজ থেকে নিরক্ষরতা দূরীকরণের জন্য কাদের উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা প্রয়োজন?**
(ক) ক্ষমতাশীল ও বিরোধী দলের
(খ) সরকারি ও বেসরকারি উভয় প্রকার উদ্যোগে
(গ) সরকারি উদ্যোগে (ঘ) বেসরকারি উদ্যোগে

২৪. **আল্লাহ কাকে পশু, পাখি, কীটপতঙ্গ, জীবজন্তুর ভাষা বোঝার জ্ঞানদান করেছিলেন?**
(ক) হযরত সুলায়মান (আ.) (খ) হযরত ঈসা (আ.)
(গ) হযরত মুসা (আ.) (ঘ) হযরত হারুন (আ.)

২৫. **সুলায়মান (আ.) শিশুটিকে প্রকৃত মায়ের কাছে দিয়ে অন্যজনকে কী করলেন?**
(ক) সম্মান (খ) মর্যাদা দিলেন
(গ) শাস্তি দিলেন (ঘ) মারপিট করলেন

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
রাকিব ও সাকিব দুজনে খলিফা উমর ইবনে আব্দুল আজিজের জন্য আলোচনা করছিল। সাকিব বলল, পৃথিবীর শাসকদের উচিত উমর ইবনে আব্দুল আজিজকে অনুসরণ করা।

২৬. **উমর ইবনে আব্দুল আজিজ মজলিসে শূরা গঠন করেছিলেন কেন?**
(ক) সুষ্ঠুভাবে শাসন কাজ পরিচালনার জন্য
(খ) সাওয়াবের উদ্দেশ্যে
(গ) মুসল্লিদের কল্যাণে (ঘ) নবিকে ভালোবেসে

২৭. **উমর ইবনে আব্দুল আজিজ বায়তুল মালে জমা দেন—**
i. স্ত্রীর সম্পত্তি
ii. উপঢৌকন সামগ্রী
iii. গহনাদি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. **"রাখে আল্লাহ মারে কে" প্রবাদটি প্রতিফলিত হয়েছে—**
(ক) হযরত মুসা (আ.)-এর জীবনে
(খ) হযরত সুলায়মান (আ.)-এর জীবনে
(গ) হযরত আয়েশা (আ.)-এর জীবনে
(ঘ) হযরত ওমর (আ.)-এর জীবনে

২৯. **কালিমুল্লাহ কার উপাধি?**
(ক) হযরত মুসা (আ.) (খ) হযরত সুলায়মান (আ.)
(গ) হযরত ঈসা (আ.) (ঘ) হযরত মুহাম্মদ (সা.)

৩০. **'উখওয়াত' শব্দের আভিধানিক অর্থ কী?**
(ক) ভ্রাতৃত্ব (খ) দেশপ্রেম (গ) দৃঢ়তা (ঘ) সমাজসেবা

**উত্তরমালা : বহুনির্বাচনি**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক |

http://teachingbd.com